জয়পুরহাট পৌরসভা কার্যালয়

জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ~~৮৫৪(১৫)~~ ৮৫৪ ৬৮৮ তারিখ- ~~০৮/০৪/২০২০~~ 08/04/2020

**সভার নোটিশ**

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১৩/০৪/২০২০ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। করোনা ভাইরাসের কারনে ২য় পর্যায়ে চলমান বস্তির ভৌত কাজ সাময়িক বন্ধ করন প্রসঙ্গে।
৩। পৌর এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জন্য ত্রান সহায়তা ও সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন করা প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

.................................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

সভা নং-৭১

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি'র (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১৩/০৪/২০২০খ্রিঃ।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ- গত ১২/০৩/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ- গত **১২/০৩/২০২০** খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ করোনা ভাইরাসের কারনে ২য় পর্যায়ে চলমান বস্তির ভৌত কাজ সাময়িক বন্ধ করন প্রসঙ্গে।**

আলোচনাঃ আলোচ্য বিষয়ে আলোচনার প্রারম্ভেই সভাপতির অনুমতি নিয়ে এ কমিটির প্রতিনিধি ও নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত), জয়পুরহাট পৌরসভা জনাব এ টি এম মোস্তাফিজুর রহমান বলেন, আমরা সকলেই অবগত আছি ২য় কিস্তির টাকায় বস্তির ভৌত কাজ চলমান ছিল। কিন্তু কোভিড-১৯ বা করোনা ভাইরাসের কারনে দেশ ব্যাপী লকডাউন চলছে। তাছাড়া জেলা প্রসাশকের কার্যালয়, জয়পুরহাট হতে লকডাউন ভালভাবে পালন করার স্বার্থে সমস্ত চলমান ভৌত কাজ বন্ধ রাখার নির্দেশনা দিয়েছেন। তার প্রেক্ষিতে চলতি মাসের ১ম সপ্তাহ হতে সকল বস্তির ভৌত কাজ সাময়িক ভাবে বন্ধ রাখা হয়েছে। বিষয়টি নিয়ে সভাপতি বলেন, করোনা ভাইরাসের কারনে বস্তির কাজ সাময়িক বন্ধ রাখার বিষয়টি মেয়র মহোদয় আমাকে বলেছে। যেহেতু হঠাৎ করে বস্তির কাজ গুলো বন্ধ হয়ে গিয়েছে, তাই বস্তি উন্নয়ন কমিটির সদস্যরা বিশেষ করে সভাপতি কে বলতে হবে যেন মালামাল গুলো ভালভাবে সংরক্ষন করে রাখেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত বস্তির সকল প্রকার ভৌত কাজ সাময়িক ভাবে বন্ধ রাখা এবং বস্তির ভৌত কাজের জন্য ক্রয়কৃত মালামালের মধ্যে যেসব মালামাল গচ্ছিত আছে, তা যেন প্রত্যেক সভাপতি ভালভাবে সংরক্ষন করে রাখেন, সে বিষয়ে বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাপতিদের অবহতি করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলে।

**আলোচ্য সূচি-৩ ঃ পৌর এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জন্য ত্রান সহায়তা ও সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন করা প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন বর্তমানে সাধারন ছুটি ও লকডাউন এর কারনে দরিদ্র জনগোষ্ঠী বিশেষ করে ক্ষুদ্র ব্যবসায়ী, বিভিন্ন শ্রেনীর শ্রমিক সহ নিম্ন আয়ের খেটে খাওয়া মানুষ জন আয়ের পথ বন্ধ হয়ে যাওয়ার কারণে দুর্বিষহ জীবন যাপন করছে। এ অবস্থায় সরকার বিভিন্ন ধরনের ত্রান সহায়তা দিচ্ছে। এ ত্রান সহায়তা সঠিকভাবে দরিদ্র জনগোষ্ঠীর তালিকা প্রস্তুত করে বন্টন করা প্রয়োজন। এ প্রেক্ষাপটে মেয়র

মহোদয় ওয়ার্ড কাউন্সিলরদের সাথে সমন্বয় করে পৌরসভার কর্মকর্তা/কর্মচারী গণ পৌর এলাকার প্রত্যেক বাড়ী বাড়ী গিয়ে প্রকৃত ভুক্তভোগীদের তালিকা করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করেছেন। আলোচনা কালে দরিদ্র শ্রেনীর প্রতিনিধি মোছাঃ শাহানাজ বেগম বলেন, আমার জানা মতে করোনা ভাইরাসের সচেতনার অংশ হিসেবে মেয়র মহোদয়, কাউন্সিলর ও পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে পৌর এলাকার মধ্যে প্রতিটি দরিদ্র মানুষকে এবং রিক্সা, ভ্যান চালক থেকে শুরু করে বাজারের প্রত্যেক দোকানদার দের মাধ্যমে মাক্স ও সাবান বিতরন করেছেন, এজন্য তিনি মেয়র মহোদয় কে ধন্যবাদ দেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ করোনা ভাইরাসের কারনে আয় রোজগার বন্ধ হয়ে যাওয়া মানুষজন ত্রান সহায়তার জন্য তালিকা ভূক্ত হন, সেজন্য এ কমিটির পক্ষথেকে তালিকা সমূহ যাচাইকরন এবং প্রতিনিয়ত পৌরসভা হতে বিভিন্ন ধরনের সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০/৮৩৪

তারিখ- ২৫/০৪/2020

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ............................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১৩/০৪/২০২০ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী(ভাঃ) জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |